

শিক্ষার্থীদের প্রতি বিদ্যালয়ের নিয়ম শৃঙ্খলা সংক্রান্ত নির্দেশাবলি

- ১। যথাসময়ে বিদ্যালয়ে উপস্থিত হয়ে প্রাত্যহিক সমাবেশে অংশগ্রহণ সকল শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক। এ ক্ষেত্রে কোনরূপ শৈথিল্য বা উদাসীনতা প্রদর্শন করা যাবে না।
- ২। প্রাত্যহিক সমাবেশ চলাকালীন সময়ে বিদ্যালয়ের মেইন গেইট বন্ধ থাকবে। উপযুক্ত কারণ ছাড়া বিলম্বে আগমনকারী শিক্ষার্থীকে বিদ্যালয়ে প্রবেশের অনুমতি প্রদান করা হবে না।
- ৩। ক্লাস চলাকালীন সময়ে কোন শিক্ষার্থী শ্রেণি শিক্ষক অথবা যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ছাড়া বিদ্যালয়ের বাইরে যেতে পারবে না।
- ৪। কোন শিক্ষার্থী ওয়াশরুমে অথবা অন্য কোন কারণে ক্লাসের বাইরে যেতে হলে শ্রেণিকক্ষে শিক্ষকের উপস্থিতিতে অনুমতি নিয়ে বাইরে যেতে হবে। শিক্ষকের অনুপস্থিতিতে কোন শিক্ষার্থী ক্লাসের বাইরে যেতে পারবে না। এটা অমান্য করলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে এবং তাকে পরবর্তীতে ক্লাসে প্রবেশের অনুমতি দেওয়া হবে না।
- ৫। টিফিনের পর সতর্ক ঘন্টা বাঁজার সাথে সাথে সকল শিক্ষার্থীকে অবশ্যই শ্রেণিকক্ষে অবস্থান করতে হবে। শ্রেণিকক্ষে শিক্ষক প্রবেশের পর আর কোন শিক্ষার্থীকে প্রবেশ করার অনুমতি দেওয়া যাবে না।
- ৬। টিফিন চলাকালীন সময়ে বিদ্যালয়ের ক্যাম্পাস ও ক্যান্টিন ব্যতীত অন্য কোথাও অবস্থান করা যাবে না।
- ৭। বিদ্যালয়ের ক্যাম্পাস ও নিজ নিজ শ্রেণিকক্ষ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার দায়িত্ব সকল শিক্ষার্থীর। এ ব্যাপারে সকলকে সচেতন থাকতে হবে।
- ৮। বিদ্যালয় সম্পূর্ণ রাজনীতি ও ধূমপান মুক্ত এলাকা। এটা সকলকে পুরোপুরি মেনে চলতে হবে।
- ৯। উক্ত নির্দেশাবলী সকল শিক্ষার্থীর ক্ষেত্রে প্রযোজ্য হবে। কোন শিক্ষার্থী এর ব্যত্যয় ঘটালে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে এবং উক্ত শিক্ষার্থীর অভিভাবকে অবগত করে তাকে (একটি নির্দিষ্ট সময়ের জন্য) বিদ্যালয়ে উপস্থিত হওয়া থেকে বিরত রাখা হবে।

প্রধান শিক্ষক